গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১০৯/২০১৮-১৯
ঢাকা, সোমবার ৩ ডিসেম্বর ২০১৮, ১৯ অগ্রহায়ণ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বাংলাদেশের এগিয়ে যাওয়া কেউ থামাতে পারবে না :
জাতীয় রপ্তানি ট্রফি বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। ২৭তম আন্তর্জাতিক ও ২০তম জাতীয় প্রতিবন্ধী দিবস আজ

৩। দণ্ডিত হলে নির্বাচনে প্রার্থী হওয়া যাবে না
হাইকোর্টের আদেশ স্থগিত রইল

৪। যাচাই-বাছাইয়ে ২৫ ভাগ মনোনয়নপত্র বাতিল

৫। আজ থেকে ফেসবুক নজরদারি করবে নির্বাচন কমিশন

৬। সামাজিক যোগাযোগমাধ্যমে 'পোলিং এজেন্টেদের মাথা কেনা'র খবর
একটি নির্বাচনকেন্দ্রিক উদ্দেশ্যপ্রণোদিত গুজব

৭। নির্দেশ অমান্য করে মেডিকেলে ভর্তি হলে দায় নিবে না সরকার : স্বাস্থ্যমন্ত্রী
নার্সদের পদোন্নতি ও সিলেকশন গ্রেড সমস্যা এক সপ্তাহের মধ্যে নিস্পত্তির নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৮। ওয়ারেন্ট ছাড়া কাউকে গ্রেফতার করা হচ্ছে না : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। পার্বত্য এলাকায় শান্তি প্রতিষ্ঠা করেছেন প্রধানমন্ত্রী : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী

১০। সপ্তাহব্যাপী ডিএসসিসি'র মশক নিধন কার্যক্রম শুরু

১১। রাখাইনের পরিস্থিতি জানতে চেয়ে মিয়ানমারকে বাংলাদেশের চিঠি

১২। মিরপুরে সিরিজের দ্বিতীয় টেস্টে ওয়েস্টইন্ডিজকে পরাজিত করে ইতিহাস গড়েছে বাংলাদেশ
রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

১৩। বৈশ্বিক অর্থনীতির গুরুত্বপূর্ণ অংশ হতে যাচ্ছে বাংলাদেশ :
আন্তর্জাতিক এডভাইজারি ফার্ম ডিলোটি'র পর্যবেক্ষণ

চলমান পাতা-২

১। **বাংলাদেশের এগিয়ে যাওয়া কেউ থামাতে পারবে না :**
**জাতীয় রপ্তানি ট্রফি বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশের অর্থনীতি এখন যথেষ্ট মজবুত। আমাদের উন্নয়ন প্রকল্পগুলোর ৯০ ভাগ নিজস্ব অর্থায়নে করার সক্ষমতা অর্জন করেছি। উন্নত দেশের সাথে আমাদের তাল মিলিয়ে চলতে হবে। বাংলাদেশকে আমরা উন্নত-সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তুলতে চাই। দক্ষিণ এশিয়ার উন্নত দেশ হবে বাংলাদেশ। সে পরিকল্পনা নিয়েই আমরা এগিয়ে যাচ্ছি। গতকাল (২ ডিসেম্বর রোববার) রাজধানীর একটি হোটেলে জাতীয় রপ্তানি ট্রফি ২০১৫-১৬ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। বাণিজ্য মন্ত্রণালয় এবং রপ্তানি উন্নয়ন ব্যুরো'র যৌথ উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে ২০১৫-২০১৬ অর্থবছরে বিভিন্ন পণ্য ও খাতভিত্তিক সর্বোচ্চ রপ্তানি আয়ের জন্য ৫৬টি প্রতিষ্ঠানকে জাতীয় রপ্তানি ট্রফি প্রদান করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** ( শেষ পৃ,ক.১)।

২। **২৭তম আন্তর্জাতিক ও ২০তম জাতীয় প্রতিবন্ধী দিবস আজ**

আজ (৩ ডিসেম্বর সোমবার) পালিত হচ্ছে ২৭তম আন্তর্জাতিক ও ২০তম জাতীয় প্রতিবন্ধী দিবস। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটির এবারের প্রতিপাদ্য, 'সাম্য ও অভিন্ন যাত্রায় প্রতিবন্ধী মানুষের ক্ষমতায়ন'। সমাজকল্যাণ মন্ত্রী রাশেদ খান মেনন জানান, প্রতিবন্ধী দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করতে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আজ সকাল ১০টায় আলোচনাসভার আয়োজন করা হয়েছে। এ সভায় প্রধান অতিথি হিসেবে থাকবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানে তিনটি বিশেষ ক্যাটাগরিতে প্রতিবন্ধী ব্যক্তিদের পুরস্কার প্রদান করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৩। **দণ্ডিত হলে নির্বাচনে প্রার্থী হওয়া যাবে না**
**হাইকোর্টের আদেশ স্থগিত রইল**

সাজা ও দণ্ড স্থগিত হলে দণ্ডিত ব্যক্তি নির্বাচনে অংশ নিতে পারবে হাইকোর্টের এমন আদেশ স্থগিত থাকছে। হাইকোর্টের ঐ আদেশের বিরুদ্ধে দুদক ও রাষ্ট্রপক্ষের করা আবেদন গ্রহণ করে স্থগিতাদেশ বহাল রেখেছে আপিল বিভাগ। প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বাধীন আপিল বিভাগের সাত বিচারপতির বেঞ্চ গতকাল এ আদেশ দেন। এ আদেশের ফলে ফৌজদারি মামলায় দণ্ডিত ব্যক্তি নির্বাচনে অংশ নিতে পারবেন না। গতকাল (২ ডিসেম্বর রোববার) দেশের বিভিন্ন জেলায় রিটার্নিং অফিসাররা আদালতের এমন আদেশ অনুসরণ করে একাদশ সংসদ নির্বাচনে অংশগ্রহণের জন্য যেসব দণ্ডিত ব্যক্তি মনোনয়নপত্র দাখিল করেছিলেন তা বাতিল করে দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

৪। **যাচাই-বাছাইয়ে ২৫ ভাগ মনোনয়নপত্র বাতিল**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সারাদেশের ৩০০ আসনে জমা পড়া ৩০৬৫টি মনোনয়নপত্রের মধ্যে ৭৮৬টি মনোনয়নপত্র বাতিল করেছে নির্বাচন কমিশন (ইসি) কর্তৃক নিয়োগ করা রিটার্নিং কর্মকর্তারা। বাতিল হওয়া মনোনয়নপত্রের হার ২৫ ভাগের বেশি। ভোটের লড়াইয়ে অংশ নেওয়ার বৈধতা পেয়েছেন ২২৭৯ জন। ইসি সচিবালয় সূত্রে জানা গেছে, মনোনয়নপত্র বাতিল হওয়া প্রার্থীরা ৩, ৪ ও ৫ ডিসেম্বর নির্বাচন কমিশনে আপিল করতে পারবেন। আপিলের ওপর শুনানি হবে ৬, ৭ ও ৮ ডিসেম্বর। আগামী ৯ ডিসেম্বর প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন। ১০ ডিসেম্বর প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রতীক বরাদ্দ দেওয়ার পর শুরু হবে প্রতীকসহ প্রচারণা। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৫। **আজ থেকে ফেসবুক নজরদারি করবে নির্বাচন কমিশন**

নির্বাচন নিয়ে অপপ্রচার, গুজব ঠেকাতে আজ থেকে ফেসবুক-টুইটারসহ সব সামাজিক মাধ্যমে নজরদারি করবে নির্বাচন কমিশন। নির্বাচন নিয়ে কোনো ধরনের অপপ্রচার যাতে না হয়, সেজন্য কমিশন এ উদ্যোগ নিয়েছে। গতকাল (২ ডিসেম্বর রোববার) নির্বাচন কমিশনে বিটিআরসি, পুলিশ, সিআইডি, র‍্যাবসহ সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধিদের

সঙ্গে বৈঠকের পর ইসি সচিব হেলালুদ্দীন আহমদ এ কথা জানান। ইসি সচিব বলেন, সোশ্যাল মিডিয়া যেন নির্বাচনকেন্দ্রিক ব্যবহার না হয়, কোনো প্রপাগান্ডা যেন কেউ না চালাতে পারে, এ জন্য প্রশাসন এর মধ্যে ২৪ ঘণ্টা মনিটরিং শুরু করেছে। আমরাও আজ থেকে মনিটর করব। এ জন্য আইসিটি কর্মকর্তাদের সমন্বয়ে নিজস্ব মনিটরিং টিম করা হবে। কেউ অপপ্রচার চালালে আইনি ব্যবস্থা নেওয়া হবে জানিয়ে ইসি সচিব বলেন, ডিজিটাল নিরাপত্তা আইন ও অন্যান্য আইনে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

৬। **সামাজিক যোগাযোগমাধ্যমে 'পোলিং এজেন্টেদের মাথা কেনা'র খবর একটি নির্বাচনকেন্দ্রিক উদ্দেশ্যপ্রণোদিত গুজব**

সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট ২২৫ কোটি টাকার মাধ্যমে 'পোলিং এজেন্টদের মাথা কেনা'র বিষয়টি তাই সম্পূর্ণ অসত্য, উদ্দেশ্যপ্রণোদিত ও গুজব মর্মে তথ্য মন্ত্রণালয়ের 'গুজব প্রতিরোধ ও অবহিতকরণ সেল' নিশ্চিত করেছে। এটি একটি উদ্দেশ্যপ্রণোদিত গুজব বলে সরকারি এক তথ্য বিবরণীতে জানানো হয়েছে। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১৫,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

৭। **নির্দেশ অমান্য করে মেডিকেলে ভর্তি হলে দায় নিবে না সরকার : স্বাস্থ্যমন্ত্রী নার্সদের পদোন্নতি ও সিলেকশন গ্রেড সমস্যা এক সপ্তাহের মধ্যে নিষ্পত্তির নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধ রাখতে যেসব মেডিক্যাল কলেজকে নির্দেশ দেওয়া হয়েছিল সেগুলোতে ভর্তি হলে তার দায় নিবে না সরকার। বরং শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন বাতিল করার পাশাপাশি কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল (২ ডিসেম্বর রোববার) সচিবালয়ে বেসরকারি মেডিকেল কলেজ পরিচালনা নীতিমালা সংক্রান্ত সভায় সভাপতিত্বকালে মন্ত্রী আরও বলেন, দেশে চিকিৎসা শিক্ষার মান সমুন্নত রাখতে বেসরকারি মেডিকেল কলেজ পরিচালনা নীতিমালা অনুসরণে সরকার কঠোর অবস্থান বজায় রাখবে। এজন্য নিয়মের ব্যত্যয় ঘটিয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করলে তাদের রেজিস্ট্রেশন বাতিলের জন্য বিএমডিসিকে ব্যবস্থা নিতে বলে দেওয়া হয়েছে। এছাড়া স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম নার্সদের পদোন্নতি ও সিলেকশন গ্রেড নিয়ে যে সমস্যার সৃষ্টি হয়েছে তা আগামী এক সপ্তাহের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **সমকাল** (পৃ.৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

৮। **ওয়ারেন্ট ছাড়া কাউকে গ্রেফতার করা হচ্ছে না : স্বরাষ্ট্রমন্ত্রী**

গ্রেফতারি পরোয়ানা ছাড়া কাউকে গ্রেফতার করা হচ্ছে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (২ ডিসেম্বর রোববার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে 'মানবপাচার প্রতিরোধ ও দমনে জাতীয় পরিকল্পনা ২০১৮-২০২২' উদ্বোধন অনুষ্ঠানশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা জানান তিনি। বিএনপি'র অভিযোগের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এটা তাদের একটি রাজনৈতিক কৌশল। তাঁরা সবসময় বলছে গ্রেফতার করা হচ্ছে। ওয়ারেন্ট ছাড়া আমরা কোনো গ্রেফতার করিনি। যাদের নামে সুনির্দিষ্ট মামলা রয়েছে শুধু তাদেরই গ্রেফতার করা হচ্ছে। আপনারা জানেন এখন নিরাপত্তাবাহিনীকে নিয়ন্ত্রণ করে নির্বাচন কমিশন (ইসি)। ইসি'র দিকনির্দেশনা অনুযায়ী তারা গ্রেফতার করছে কিংবা অ্যাকশনে যাচ্ছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

৯। **পার্বত্য এলাকায় শান্তি প্রতিষ্ঠা করেছেন প্রধানমন্ত্রী : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী**

১৯৯৭ সালের ২ ডিসেম্বর পার্বত্য শান্তিচুক্তির মাধ্যমে বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়িসহ পুরো পার্বত্য এলাকায় শান্তি প্রতিষ্ঠা করেছেন বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁর অবদানের কারণে আজ পার্বত্য চট্টগ্রাম প্রাকৃতিক সৌন্দর্যে বিকশিত হচ্ছে। পর্যটকদের আকর্ষণ করছে পাহাড়ের সৌন্দর্য। তবে পার্বত্য এলাকায় যেকোনো উন্নয়নমূলক কাজ করতে হলে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করা দরকার বলে জানিয়েছেন পার্বত্য

চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী বীর বাহাদুর উশৈসিং। গতকাল (২ ডিসেম্বর রোববার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তির **২১**তম বার্ষিকী উপলক্ষে এক আলোচনাসভায় তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** ( পৃ.৪,ক.৪)।

**১০। সপ্তাহব্যাপী ডিএসসিসি'র মশক নিধন কার্যক্রম শুরু**

মশক নিয়ন্ত্রণে নগরবাসীকে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। তিনি বলেন, কোনো এলাকায় ডিএসসিসি'র কর্মচারীরা যদি অনুপস্থিত থাকেন সেক্ষেত্রে অভিযোগ জানালে আঞ্চলিক কার্যালয় থেকে বাসায় গিয়ে ওষুধ ছিটিয়ে দেবে। তবে এতে নগরবাসী সম্পৃক্ত হলে মশক নিধন কার্যক্রম আরও সহজ হয়ে যায়। এজন্য নগরবাসীর সচেতনতাও খুব জরুরি। গতকাল (২ ডিসেম্বর রোববার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের সামনে সাত দিনব্যাপী মশক নিধন কর্মসূচি উদ্বোধনকালে সাঈদ খোকন এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১)।

**১১। রাখাইনের পরিস্থিতি জানতে চেয়ে মিয়ানমারকে বাংলাদেশের চিঠি**

রাখাইনের পরিস্থিতি জানতে চেয়ে মিয়ানমারকে চিঠি দিয়েছে বাংলাদেশ। এছাড়া রাখাইনে রোহিঙ্গা শরণার্থী নেতাদেরসহ একটি প্রতিনিধিদলের সফরের ব্যাপারে জাপানের প্রস্তাবেও একমত পোষণ করেছে বাংলাদেশ। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে এসব তথ্য জানা গেছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১)।

**১২। মিরপুরে সিরিজের দ্বিতীয় টেস্টে ওয়েস্টইন্ডিজকে পরাজিত করে ইতিহাস গড়েছে বাংলাদেশ**
**রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

গতকাল (২ ডিসেম্বর রোববার) মিরপুরে সিরিজের দ্বিতীয় টেস্টে ওয়েস্টইন্ডিজকে ইনিংস ও **১৮৪** রানে পরাজিত করে ইতিহাস গড়েছে বাংলাদেশ। টেস্টে নিজেদের **১৮** বছরের ইতিহাসে প্রথমবার কোনো প্রতিপক্ষকে ফলো অনে ফেলা ও ইনিংস ব্যবধানে হারানোর গৌরব অর্জন করলো বাংলাদেশ। সিরিজ জয় করেছে ২-০ তে। টেস্টে **১৩**তম জয়ে নিশ্চিত হলো চতুর্থ সিরিজ জয়। যার মধ্যে তিনবারই প্রতিপক্ষকে হোয়াইটওয়াশ করেছে বাংলাদেশ। বাংলাদেশের ৫০৮ রানের জবাবে গতকাল সকালে ওয়েস্টইন্ডিজের প্রথম ইনিংস গুটিয়ে যায় **১১১** রানে। দ্বিতীয় ইনিংসে **২১৩** রানে অলআউট হয় ক্যারিবিয়ানরা। **১২** উইকেট নিয়ে ম্যাচ সেরা হন মেহেদী হাসান মিরাজ এবং সিরিজ সেরার পুরস্কার পান সাকিব আল হাসান।

এ দিকে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টেস্ট সিরিজ জয়ে বাংলাদেশ ক্রিকেটদলকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**১৩। বৈশ্বিক অর্থনীতির গুরুত্বপূর্ণ অংশ হতে যাচ্ছে বাংলাদেশ :**
**আন্তর্জাতিক এডভাইজারি ফার্ম ডিলোটি'র পর্যবেক্ষণ**

টেকসই প্রবৃদ্ধি, তরুণ এবং উদ্যমী কর্মশক্তি ও অবকাঠামো উন্নয়ন বাংলাদেশকে শক্তিশালী অর্থনৈতিক ভিত্তি গড়ে তুলতে সহায়তা করছে। এ অবস্থা আগামী ১০ থেকে ২০ বছরের মধ্যে দেশটিকে আন্তর্জাতিক অর্থনীতির একটি বড় অংশ হিসেবে গড়ে তুলবে। আন্তর্জাতিক এডভাইজারি ফার্ম ডিলোটি এক পর্যবেক্ষণে এ কথা বলেছে। এতে বলা হয়েছে, বাংলাদেশে গত এক দশকে লিঙ্গ বৈষম্য, শিশু মৃত্যুহার ও গড় আয়ু বৃদ্ধির মতো সকল সামাজিক সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ভোরের কাগজ, যায়যায়দিন, সমকাল, এশিয়ান এজ, নিউ নেশন, ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের অন্যতম নারী মুক্তিযোদ্ধা বীরপ্রতীক তারামন বিবি প্রয়াত হওয়ায় শোকপ্রকাশ করে তাঁর বিদেহি আত্মার প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন।

খ. **যায়যায়দিন, ইনকিলাব, সমকাল, ইন্ডিপেনডেন্ট, সংবাদ :** টঙ্গীর তুরাগ নদের পাড়ে বিশ্ব ইজতেমার ময়দানে জোড় ইজতেমাকে কেন্দ্র করে ব্যাপক সংঘর্ষে একজন নিহত এবং ৫০ থেকে ৬০ জন আহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে ধর্ম নিয়ে এ ধরনের ঘটনা কোনোভাবেই কাম্য নয় বলে মন্তব্য।

গ. **যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে :** গত এক বছরে দেশে নতুন ৮৬৯ জন এইচআইভি সংক্রমিত ব্যক্তিকে শনাক্ত করা হয়েছে উল্লেখ করে এ রোগের সংক্রমণ হ্রাসে উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **জনকণ্ঠ :** প্রতিবছর বাণিজ্যমেলার জন্য অস্থায়ী অবকাঠামো নির্মাণে বিপুল অর্থ ব্যয় হয় উল্লেখ করে বাণিজ্য মেলার জন্য স্থায়ী অবকাঠামো নির্মাণের সুপারিশ।

ঙ. **ইত্তেফাক :** বাংলাদেশ ক্রিকেট দল টেস্ট সিরিজে ওয়েস্ট ইন্ডিজকে হোয়াইটওয়াশ করায় অভিনন্দন জানিয়ে এ জয়ের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ডেইলি সান :** কালোবাজারির কারণে অনেকে রেলের টিকিট পান না উল্লেখ করে জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি।

## উপসম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পরিবার ঠিক থাকলে সমাজে তার প্রতিফলন ঘটে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'অবৈধ পার্কিং, চাঁদাবাজি আর ঘুষের মিশেল হরদম'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, অবৈধ পার্কিং নিয়ে মানুষের অসচেতনতা, দুর্নীতি ও উদাসীনতা দূর করা গেলেই এ সমস্যার সমাধান করা যাবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০ঘন্টা